

ফলতায় চালু বিক্রম-এর সৌর মডিউল কারখানা

দেবপ্রিয় সেনগুপ্ত ● ফলতা

ফলতায় চালু হল কলকাতার **বিক্রম সোলার** সংস্থার ২৫ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের ক্ষমতাসম্পন্ন সৌর মডিউল তৈরির কারখানা। বুধবার এর উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী বুদ্ধদেব ভট্টাচার্য। এই কারখানায় প্রায় ১০০ কোটি টাকা লগ্নি করা হয়েছে বলে জানিয়েছেন সংস্থার কর্ণধার হরিকৃষ্ণ চৌধুরী। তিন মাসের মধ্যেই সোলার মডিউলের উৎপাদন ক্ষমতা ৫০ মেগাওয়াটে নিয়ে যাওয়া হবে এবং এ জন্য আরও ৫০ কোটি টাকা লগ্নি হবে বলেও জানান তিনি।

এর ফলে ফলতা বিশেষ আর্থিক অঞ্চলে সৌর বিদ্যুৎ উৎপাদক যন্ত্রপাতি তৈরিতে নানা সংস্থার মোট ৪০০ কোটি টাকা লগ্নির যে লক্ষ্যমাত্রা আছে, তার মধ্যে ২৬০ কোটি টাকার বিনিয়োগ বাস্তবায়িত হল। হিসাবটা এই রকম— এর আগেই এখনে ওয়েবসল এনার্জি সংস্থা ১৬০ কোটি টাকা লগ্নিতে সৌর কোষ এবং মডিউল তৈরি শুরু করেছে। বিক্রম শুরু করল ১০০ কোটি দিয়ে। এত দিন মূলত বস্ত্র, প্লাস্টিক, চা, ইঞ্জিনিয়ারিং, চটের মতো পরিচিত শিল্পের হাত ধরেই লগ্নি টেনেছে ফলতা। এ বার বিকল্প শক্তি ক্ষেত্রের যন্ত্রাংশ তৈরির মতো আধুনিক শিল্পেরও লগ্নিস্থল হতে চলেছে রাজ্যের এই বিশেষ আর্থিক অঞ্চল।

এই প্রেক্ষাপটে বিকল্প শক্তিতে লগ্নিকারীদের উৎসাহিত

করতে এ দিন বুদ্ধবাবু বলেন, “এখন রাজ্যে বিদ্যুতের ৯৫ শতাংশের উৎসই দূষণকারী তাপবিদ্যুৎ। এই অবস্থার পরিবর্তন জরুরি। সে ক্ষেত্রে সৌর শক্তির গুরুত্ব অপরিহার্য। আমরা বিকল্প শক্তি উৎপাদন বাড়াতে চেষ্টা করছি।”

রাজ্যের তথাপ্রায়ুক্তি মন্ত্রী দেবেশ দাস, ওয়েস্ট বেঙ্গল গ্রিন



বুধবার কারখানার উদ্বোধনে বুদ্ধবাবু।

এনার্জি ডেভেলপমেন্ট কর্পোরেশনের এমডি শান্তিপদ গণচৌধুরী, ফলতার ডেভেলপমেন্ট কমিশনার অরুণ বিট প্রমুখের উপস্থিতিতে এ দিন এই কারখানা উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী।

পাঁচ দশক আগে পশ্চিমবঙ্গে পা

রাখেন হরিয়ানার বাসিন্দা হরিকৃষ্ণ চৌধুরী। ইতিমধ্যে ‘টার্ন-কি’ পদ্ধতিতে

জার্মানিতে সৌর বিদ্যুৎ প্রকল্পে কাজও

করেছে তাঁর বিক্রম সোলার। বানতলার

চর্মনগরীর কাছে থাকা সংস্থার জমিতে

বিদ্যুৎ কেন্দ্র গড়তে প্রয়োজনীয় সৌর

শক্তি মিলবে কি না, তা নিয়ে সমীক্ষা চলছে।

ফলতায় সৌর কোষ ও মডিউলের কারখানা গড়বে পিএলজি

সোলার, মর্ডার্ন সোলার, হাই টেক সোলার ও এনফিন্ড সোলার-
ও। ইন্ডিয়ান সেমি কন্ডাক্টর অ্যাসোসিয়েশনের অ্যাডিশনাল
ডিরেক্টর রাজীব জৈনের মতে, জাতীয় সোলার মিশনের জন্য
দেশে বাড়বে মডিউল ও সৌর কোষের চাহিদা। ২০১৩-এর মধ্যে
দেশে ১,৩০০ মেগাওয়াট সৌর বিদ্যুৎ তৈরির কথা। এর মধ্যে
সোলার ফোটো ভোল্টাইক পদ্ধতিতে তৈরি হবে ৮০০
মেগাওয়াট। এ জন্য প্রায় ৮,০০০ কোটি টাকার মডিউল লাগবে।